গমন করুন দুর্গভগ্ন হইল যশঃ প্রাপ্ত হইলেন আমার এই মত যেহেতুক যে ব্যক্তি ধর্ম্মকে পুরস্কার করিয়া প্রভুর প্রিয় ও অপ্রিয়কে ত্যাগ করিয়া অপ্রিয় অথচ পথ্যকে বলে তাহার সহিত রাজা সহায়ী হুন। আর সুহৃৎ ও সৈন্য ও রাজ্য ও আত্মা ও কীর্ত্তি এই সকলকে কোন মূর্খ সংগ্রামেতে সংশয়রূপ দোলাস্থিত করে।

The conductors of princes intoxicated with power, as well as of wounded or restiff elephants. get nothing but disgrace!

Please your highness, continued he, the castle hath been destroyed by us in the pride of strength; or rather, was it not by a stratagem dictated by your own glory? No, replied the king it was thy own scheme. If my advice were to be followed, said the minister, we should now return to our own country; for upon the return of the rainy season, should we have to fight the enemy again, with an equal force, in their own country, we shall find it extremely difficult to retreat home if we should have occasion. Then, for the sake of peace and glory, treat with the enemy, and let us depart! We have taken their castle, and gained renown. This is the extent of my opinion.

He is the companion of a prince, who, placing his duty before him, payeth no regard to his master's likings or dislikings, and tells him unwelcome truths.

Who, except a child, would place his friends, his army, his kingdom, himself, and his reputation, in the doubtful balance of a battle?

Besides,

অপরঞ্চ॥ সন্ধিমিচ্ছেৎসমেনাপি সন্দিগ্ধোবিজয়ো যুধি। সুন্দোপসুন্দাবন্যোন্যং নষ্টৌ তুল্যবলৌ নকিং ॥ রাজোবাচ কথমেতৎ। মন্ত্রী কথয়তি পুরা দৈত্যৌ মহোদারৌ সুন্দোপ সুন্দনামানৌ মহতা ক্লেশেন ত্রৈলোক্যকামনয়া চিরা চ্চন্দ্রশেখরমারাধিতবন্তৌ ততস্তয়োর্ভগবান্‌পরিতুষ্টোবরং বৃণেথামিত্যুবাচ অনন্তরং তয়োঃ সমাধিষ্ঠিতয়া সরস্ব ত্যা তাবন্যদ্বক্তুকামাবন্যদভিহিতৌ যদ্যাবয়োর্ভবান্‌ পরিতুষ্টস্তদা স্বপ্রিয়াং পার্ব্বতীং পরমেশ্বরো দদাতু অথ ভগবতা ক্রুদ্ধেন বরদানস্যাবশ্যকতয়া বিচারমূঢয়োঃ পার্ব্বত্যাইব নির্ম্মায়ান্যা স্ত্রী প্রদায়ি ততস্তস্যাঅনুরূপ লাবন্যলুব্ধাভ্যাং জগদ্ঘাতিভ্যাং মনসোৎসুকাভ্যাং পাপ তিমিরাভ্যাং মমেত্যন্যোন্যকলহাভ্যাং প্রমাণপুরুষঃ ক শ্চিৎ পৃচ্ছ্যতামিতি মতৌ কৃতায়াং। * * *

অপর তুল্য লোকের ও সহিত সন্ধি করিবেক যেহেতুক সং- গ্রামেতে জয় সন্দিগ্ধই তুল্য পরাক্রম সুন্দ উপসুন্দ কি পর স্পর নষ্ট হয় নাই। নৃপতি কহিলেন এ কি প্রকার। সচিব কহিতেছে। পূর্ব্বেতে সুন্দোপসুন্দ নামা অতি বড় দৈত্য দুই জন ত্রিভুবনাভিলাষেতে অত্যন্ত ক্লেশেতে বহুতর কাল মহাদেবের আরাধনা করিল অনন্তর তিনি প্রসন্ন হইয়া কহি লেন তোমরা বর প্রার্থনা কর অনন্তর সেই দুই জনের অন্তঃ করণে অধিষ্ঠাত্রী সরস্বতী অন্য প্রকার বরেচ্ছু সেই দুইজন কে অন্য কথা বলাইলেন যে যদ্যপি আমারদিগকে আপনি

সন্তুষ্ট হইয়াছেন তবে পরমেশ্বর নিজ পত্নী গৌরীকে দেন। অনন্তর ভগবান ক্রুদ্ধ হইয়া বরদানে আবশ্যকত্বহেতুক বিচার মূর্খ সুন্দোপসুন্দকে উমার ন্যায় এক স্ত্রী নির্ম্মাণ করিয়া দিলেন তাহার পর সংসারনাশকও অজ্ঞানান্ধ সুন্দোপসুন্দ অন্তঃকরণের উৎসাহেতে পার্ব্বতী তুল্য সৌন্দর্য্যেতে লুব্ধ হইয়া আমার এ আমার এ এই পরস্পর বিবাদ করিয়া কোন মধ্যস্থ ব্যক্তিকে জিজ্ঞাসা করি এই বুদ্ধি করিলে পর।

One should be inclined to treat even with an enemy of equal force, when victory is doubtful; forowere not Sunda and Upasunda, two giants of equal strength, killea by one another?

How was that? said the king; and the vulture relateth the following story:

FABLE IX.

IN former times there were two giants. the one called Sunda, and the other Upasunda, who wishing to conquer the three regions of the universe by the great exertions of their bodies, for a long time petitioned the deity with the crescent on his head to be propitious to their design. The god, pleased with their prayers, told them to ask a boon; but as the goddess Saraswtai had the controul of, these two of dreadful forms, both their original wish and design were changed, and at length they said.—If the disposer of fortune be pleased with our prayers, give us, O Supreme Being, Parvati thy own consort! The deity, although displeased at the request, yet from the absolute necessity of granting boons, gave to the giants, who were deprived their of judgment, a woman like Parvati. Sunda and Upasunda, eager for the ruin of the universe, blinded with ignorance, and involved in the darkness of sin, were inflamed by the beauty of her person, but as they were jealous of one another, they resolved to call upon some man of authority to determine which she should belong to;

সএব ভট্টারকোঽহৃদ্ধদ্বিজরূপঃ সমাগত্য তত্রোপস্থিতঃ অনন্তরমাবাভ্যামিযং খবললব্ধাকস্যৈয মাবযোর্ভ বতি ব্রাহ্মণমপৃচ্ছতাং ব্রাহ্মণোব্রূতে। বর্ণশ্রেষ্ঠোদ্বিজঃ পূজ্যঃ ক্ষত্রিয়োবলবানপি। ধনধান্যাধিকোবৈশ্যঃশূদ্রস্তু দ্বিজসেবযা॥ তত্ যুবাভ্যাং ক্ষত্রধর্ম্মানুগৌযুদ্ধএব যুব যোর্নিযমঃ ইত্যভিহিতে সতি সাধূক্তমনেনেতি কৃত্বা অ ন্যোন্যতুল্যবীর্য্যৌ সমকালমন্যোন্যঘাতেন বিনাশমুপ গতৌ॥ অতোঽহং ব্রবীমি সন্ধিমিচ্ছেত্সমেনাপীত্যাদি রাজাহ প্রাগেব কিং নোক্তং ভবদ্ভিঃ। মন্ত্রী ব্রূতে মদ্বচনং কিমবসানপর্য্যন্তং শ্রুতং ভবদ্ভিঃ তথাপি মমসম্মত্যা নাযংবিগ্রহারম্ভঃসাধুগুণযুক্তোঽযং হিরণ্যগর্ভঃ ন বিগ্রা হ্যঃ॥ তথা চোক্তং॥ * * *

সেই ভগবান বৃদ্ধ ব্রাহ্মণ রূপ হইয়া আসিয়া সেই স্থানে উপ নীত হইলেন। অনন্তর তাহারা ব্রাহ্মণকে জিজ্ঞাসিল আম রা ইহাকে আপন বলেতে পাইয়াছি আমারদের দুইজনের মধ্যে কাহার এ হইবে। ব্রাহ্মণ বলিতেছেন জ্ঞানশ্রেষ্ঠ ব্রাহ্মণ পূজনীয় বলবান ক্ষত্রিয় পূজ্য ধনধান্যাধিকবৈশ্য পূজ্য ব্রাহ্মণ সেবাতে শূদ্রমান্য সেই নিমিত্তে তোমরা ক্ষত্রিয় ধর্ম্মশীল তোমারদের যুদ্ধই নিয়ম ইহা কথিত হইলে পরে ইনি বিলক্ষন কহিয়াছেন ইহা কহিয়া দুই জনেতেই এক কালেতেই পরস্পর মারণদ্বারা বিনাশ প্রাপ্ত হইল।

অতএব আমি বলি তুল্য লোকেরও সহিত সন্ধি করিবেক ইত্যাদি রাজা কহিলেন পর্ব্বেতেই কেন তোমরা বলিলে না মন্ত্রী বলিতেছে আপনি কি আমার বাক্যের শেষপর্য্যন্ত শুনিয়াছেন তথাপি আমার সম্মতিতে এই যদ্ধারম্ভ নয় উত্তমগুণশালী ঐ হিরণ্যগর্ভ অর্থাৎ ইহার সহিত সংগ্রাম করণোপযুক্ত নয় তাহা কথিত আছে।

---

and instantly the deity, stood before them under the disguise of a venerable Brahman. We have obtained this female, said they, as a boon, snd wish thee to determine which of us she should belong to. The Brahman replied.

A Brahman is respectable for wisdom, a Kshatriya for strength, a Vaishya it he be possessed of wealth and grain, and, a Shudra for his services to the Brahmans.

Now, seeing you two are of the second, or military order, your duty is fighting. These words made a due impression upon their minds; they fell upon each other, but as they were equal in strength and courage. they died at the same instant from the blows they received from each other. I say, therefore. *One should be inclined to treat even with one of equal force,* &c.

Hast thou not told me this before? said the king. What, said the minister, did your highness then comprehend the full extent of what I said? According to my opinion, this is not a proper time for the renewal of hostilities King Hiranya-garbha is endued with those qualities which render him a proper person to treat with, and not to quarrel with. They say,

সত্যার্য্যৌধার্ম্মিকোনার্য্যোভ্রাতৃসংঘাতবান্ বলী। অনে
ক যুদ্ধবিজয়ী সন্ধেয়াঃ সপ্ত কীর্ত্তিতাঃ ॥ সত্যোনুপাল
য়েন্ সত্যং সন্ধিতোনৈতি বিক্রিয়াং। প্রাণবাধেপি সুব্যক্ত
মার্য্যোনায়াত্যনার্য্যতাং ॥ ধার্ম্মিকস্যাভিযুক্তস্য সর্ব্ব
এব হি যুধ্যতে। প্রজানুরাগাদ্ধর্ম্মাচ্চ দুঃখোচ্ছেদ্যোহি
ধার্ম্মিকঃ ॥ সন্ধিঃকার্য্যাপ্যনার্য্যেণ বিনাশে সমুপ
স্থিতে। বিনা তস্যাশ্রয়েণান্যঃ কুর্য্যান্ন কালযাপনং ॥
সংহতা যথা বেণুর্নিবিডঃ কণ্টকৈর্বৃতঃ। ন শক্যতে সমু
চ্ছেতু ভ্রাতৃসংঘাতবাংস্তথা ॥ বলিনা সহ যোদ্ধব্যমিতি
নাস্তি নিদর্শনং। প্রতিবাতং নহি ঘনঃ কদাচিদুপসর্পতি॥
যমদগ্নেঃ সুতস্যেব সর্ব্বঃ সর্ব্বত্র সর্ব্বদা। অনেক যুদ্ধ
জয়িনঃ প্রতাপাদেব ভুজ্যতে ॥ * * *

সত্যবাদী ও পূজ্য ও ধর্ম্মিষ্ঠ ও ক্ষুদ্রলোক ও ভ্রাতৃসমূহ
বিশিষ্ট ও বলবান ও অনেক যুদ্ধজেতা এই সাত ব্যক্তি সন্ধে
য় সত্যবাদী সত্যকে পালন করে অতএব সে মেলহইতে
বিকার পায় না পূজ্য লোক প্রাণান্তেতে ও অপূজ্য
তা পায় না। ধর্ম্মিষ্ঠ লোকের সকলেই মান্য হয় প্রজানু
রাগহেতুক আর ধর্ম্মহেতুক ধার্ম্মিক লোক দুঃখচ্ছেদ্য
হয়। মরণ উপস্থিত হইলে নীচের সহিত ও মেল করি
বেক তাহার আনুগত্যব্যতিরেকে অন্য প্রকারে কাল
ক্ষেপণ করিবেনা কণ্টকেতে আবৃত যে নিবিড় বাঁশ তাহার
কাটা দূর না করিয়া সে বংশকে যেমন ছেদন করিতে

সমর্থ হয় না এইরূপ যে ভ্রাতৃসমূহবিশিষ্টলোক তাঁহার ভাই সকলকে নষ্ট না করিয়া ঐ ব্যক্তিকে মারিতে পারে না। বলবানের সহিত যুদ্ধ করিবেক ইহা নিদর্শন নাই যেহেতুক মেঘ কদাচ বিলোমি বায়ুতে যায় না যমদগ্নি মুনির বহু সংগ্রামজয়ি পুত্র যে পরশুরাম তাঁহার ন্যায় প্রতাপ হেতুক অনেক যুদ্ধজেতা সর্ব্বত্র নিরন্তর সমস্তই ভোগ করে।

There are seven descriptions with which it is deemed proper to form an alliance: men of veracity, men of honour, men of virtue, men of low degree, sometimes; such as are heads of a great fraternity, such as are powerful, and those who have been successful in many battles.

He who formeth a connexion with an honest man, from his love of truth, will not suffer thereby. And the man of family, it is very certain, will not be guilty of an unworthy action, even in the defence of life.

To the strictly just and virtuous person, every thing is annexed. The virtuous man, form his justice and the affection he hath for mankind, is the dispeller of sorrow and pain.

It is expedient to form connexions even with one of low degree, upon the approach of our own destruction, and when, without his protection, a worthy person might be ruined.

He who is the head of a confederacy of brothers, from their compactness, is as difficult to be rooted out as a bamboo surrounded by impenetrable thorns.

There is no ordinance for our contending with the strong: the clouds never pass against the wind.

From the glory of him who hath been victorious in many battles, as from the glory of the son of Jamadagni, all, at all times and every where, is enjoyed.

अनेकयुद्धविजयी सन्धानं यस्य गच्छति। तत्प्रतापेन
तस्याशु वशमायान्ति शत्रवः ॥ तन्न तावद्बहुभिर्गुणैरु
पेतः सन्धेयोऽयं राजा। चक्रवाकोऽवदत् प्रणिधे सर्व्वत्राव
व्रज गत्वा पुनरागमिष्यसि ॥ राजा चक्रवाकं पृष्टवान्
मन्त्रिन् असन्धेयाः कति तान् श्रोतुमिच्छामि। मन्त्री
ब्रूते देव कथयामि शृणु। बालो वृद्धो दीर्घरोगी तथा
ज्ञातिबहिष्कृतः। भीरुको भीरुजनको लुब्धो लुब्धजन
स्तथा ॥ विरक्तप्रकृतिश्चैव विषयेष्वति शक्तिमान्।
अनेकचित्तमन्त्रस्तु देवब्राह्मणनिन्दकः ॥ दैवोपहतक
श्चैव तथा दैवपरायणः। दुर्भिक्षव्यसनोपेतो बलव्यसन
सङ्कुलः ॥ अदेशस्थो बहुरिपुर्युक्तः कालेन यस्य न।
सत्यधर्म्मव्यपेतश्च विंशतिः पुरुषा अमी ॥ * * * *

অনেক যুদ্ধজেতা যাহার সঙ্গে মেল করে তাহার প্রতা-
পেতেই তাহার বিপক্ষেরা ত্বরাতে বশতাপন্ন হয়। তাহা
তে গুণেতে যুক্ত এই রাজা সন্ধেয়। চক্রবাক বলিতেছে
ওহে দূত সর্ব্বত্র যাও গিয়া পুনর্ব্বার আসিও। রাজা চক্রবাক
কে জিজ্ঞাসিলেন ওহে মন্ত্রী অসন্ধেয় কত লোক তাহারদি
গকে শুনিতে ইচ্ছা করি। সচিব বলিতেছে হে মহারাজ কহি
শুন বালক ও বৃদ্ধ ও চিররোগী ও জ্ঞাতি বহিষ্কৃত ও ভীরু ও
ভীরুসৈন্যবিশিষ্ট ও লুব্ধ ও লোভি সমভিব্যাহৃত পুরুষ ও

বিরক্তস্বভাব ও বিষয়েতে অত্যন্তাসক্ত ও অনবস্থিত চিত্ত ও দেব দ্বিজ নিন্দক ও দৈবোপহত ও দৈবপরায়ণ ও দুর্ভিক্ষরূপ বিপদিতে ব্যাকুল ও ব্যসনিসৈন্যযুক্ত ও বিদেশস্থ ও বহু শত্রু ও অসময়োদ্যোগী ও সত্যধর্ম্মচ্যুত এই বিংশতি লোক ।

Seeing he who hath been victorious in many battles meeteth not death, his enemies are captivated by his glory. Then I repeat, that the royal goose, being endued with many of these qualities, is worthy to be treated with. The minister now orders the booby to go to the enemy's camp, and to return with what further intelligence he could pick up.

I now wish thee, said the peacock king, to inform me how many there are with whom it may be improper to enter into an alliance; and the vulture minister replied, —I am about to tell your highness, repeating the following verses:

The young, the old, the long afflicted, and such as have been excommunicated by their tribe; the fearful, and those whose followers are timid; the covetous, and those whose followers are covetous;

Those whose principal officers are void of attachment, he who possesseth too much power in affairs, one who in his counsels is of many opinions, and he who speaketh disrespectfully of the Gods or the Brahmans;

He who is naturally unfortunate, and he who is always consulting fate; one afflicted with famine and pestilence, and he who possesseth a disorderly army:

One who doth not stay in his own country, one who is beset with many enemies, he who hath an army out of time, and one who hath departed from the true religion: these make twenty descriptions of persons,

एतैः सन्धिं न कुर्व्वीत विगृह्णीयात्तु केवलं। एते विगृह्य मत्वाहि क्षिप्रं यान्ति रिपोर्व्वशं ॥ बालस्याल्पप्रभावत्वा न्नलोकोयोद्धुमिच्छति। युद्धायुद्धफलं यस्मात् ज्ञातुं शक्तो न बालिशः ॥ उत्साहशक्तिहीनत्वाद्वृद्धो दीर्घामयस्तथा। स्वैरेव परिभूयेते द्वावप्येतावसंशयं॥ सुखच्छेद्योहि भवति सर्व्वज्ञातिबहिष्कृतः। ते ह्यानयो विनिघ्नन्ति ज्ञातयस्त्वात्मसात्कृताः॥ भीरुर्युद्धपरित्यागात् स्वयमेव प्रणश्यति। भीरुकोभीरुपुरुषैः संग्रामे तैर्विमुच्यते ॥ लुब्धस्यासन्न भागित्वान्न युध्यन्तेनुयायिनः लुब्धानुजीवकैरेष दान भिन्नैर्निहन्यते। संत्यज्यते प्रकृतिभिर्विरक्तप्रकृतिर्युधि॥ सुखाभियोज्यो भवति विषयेष्वतिशक्तिमान्। * *

ইহারদের সহিত মেল করিবেনা কেবল সংগ্রাম করিবেক ইহারা যুধ্যমান হইলে শীঘ্র শত্রুর বশতাপন্ন হয়। বালকের অল্প বলত্বহেতুক লোক সংগ্রাম করিতে ইচ্ছা করে না যেহেতুক যুদ্ধাযুদ্ধের ফল জানিতে শিশু সমর্থ হয় না। উৎসাহরহিতত্ব হেতুক বৃদ্ধ এবং চিররোগী এই দুইজন অবশ্য আপনিই পরিভূত হয়। সর্ব্বজ্ঞাতি বহিষ্কৃত লোক সুখচ্ছেদ্য হয় কেননা জ্ঞাতিরা সহায় হইয়া তাহাকে নষ্ট করে। ভীরু ব্যক্তি রণেতে ক্ষান্ত হইয়া আপনি নষ্ট হয়। ভীরুপুরুষ যাহার সমভিব্যাহারে সে ভীরুপুরুষ কর্তৃক পরিত্যক্ত হয়। নিকটেতে যে উপস্থিত হয় লুব্ধ

জন আপনিই তাহা লয় এই নিমিত্তে তাহার অনুচরেরা যুদ্ধ করে না । যে স্বামির সম্ভিব্যাহারে লোভী লোক থাকে তাহারা শত্রু হইতে স্বর্ণাদি পাইলে সে স্বামিকে নষ্ট করে যুদ্ধস্থানেতে স্বভাবস্থলোক বিরক্ত স্বভাব লোককে পরিত্যাগ করে । বিষয়েতে অত্যন্তাসক্ত ব্যক্তি অনায়াসেতে নিগ্রাহ্য হয় ।

With whom it is not proper to enter into alliance, and whom one should do nothing but check; for if such as these go to war, they presently fall into the power of their enemies.

If he be a child, his people are not ready to fight, because of the insignificance of his nature, and the inability of an infant to pay the reward, or punish, for fighting or not fighting.

Be he one oppressed with age, or with some tedious infirmity, deprived of the power of exertion, he is inevitably overcome of himself.

He who hath been expelled by all his kindred is easily to be defeated; for his relations too, out of respect for themselves, are ready to destroy him.

Be he a coward, he himself will flee to avoid the battle; and if his troops are dastards, they will forsake him in the field.

The followers of the convetous refuse to fight, because there is no distribution of the spoils; and where the attendants are so, they mutiny for pay, and murder their leaders,

If the principal officers are not attached, their chief is forsaken by them in the midst of the battle; and if he be one who hath too much power in affairs, he expecteth superior attention,

অনেকচিত্তমন্ত্রস্তু ভেদ্যোভবতি মন্ত্রিণা। অনবস্থিত চিত্তত্বাৎ কার্য্যতঃ স উপেক্ষ্যতে॥ সম্পত্তেস্ববিপত্তেস্ব দৈবমেবহি কারণং। ইতিদৈবপরোধ্যায়ন্নাত্মানমপি চেষ্টতে॥ দুর্ভিক্ষব্যসনী চৈব স্বয়মেব বিসীদতি। বলব্যসনযুক্তস্য যন্ত্রিশক্তির্ন জায়তে॥ সদাধর্ম্মবলীয়ত্ত্বাৎ দেবব্রাহ্মণনিন্দকঃ। বিশীর্য্যতে স্বয়ং হ্যেষ দৈবোপহতকস্তথা অদেশস্থোহি রিপুণা স্বল্পকেনাপিহন্যতে। গ্রাহোল্পীয়ানপি জলে গজেন্দ্রমপি কর্ষতি॥ বহুশত্রুস্তু সংত্রস্তঃ শ্যেনমধ্যে কপোতবৎ। যেনৈব গচ্ছতি পথা তেনৈবাশু বিপদ্যতে॥ অকালে সৈন্যযুক্তস্তু হন্যতে কালযোধিনা। কৌশিকেন হতজ্যোতির্নিশীথইব বায়সঃ॥ * * * *

অনবস্থিত ব্যক্তি সচিবকর্তৃক ভেদ্য হয় কেননা অনবস্থিতত্ব হেতুক তাহাকে মন্ত্রিরা কার্য্য হইতে ত্যাগ করে। সম্পত্তির এবং বিপত্তির দৈবই কারণ। ইহা চিন্তা করত দৈবপরায়ণ লোক আপনাকেও চেষ্টা করেনা দুর্ভিক্ষরূপ বিপত্তিতে ব্যাকুল লোক আপনিই অবসন্ন হয়। ব্যসনি সৈন্য সমভিব্যাহারি লোকের ব্যূহরচনাদি সম্পন্ন হইতে পারেনা দেব দ্বিজ নিন্দক ও দৈবোপহত ইহারা অধর্ম্মপ্রযুক্ত আপনিই ব্যাকুল হয়। অরিকর্তৃক অত্যল্প সৈন্যদ্বারাও বিদেশস্থ ব্যক্তি নষ্ট হয়। জলমধ্যেতে বৃহদ্ধস্তিকেও

ক্ষুদ্র হস্তীর ধরে বহুশত্রু ব্যক্তি শ্যেন পক্ষির মধ্যস্থিত ক পোতের ন্যায় ভীত হইয়া যে পথেতে যায় সেই পথেতে নষ্ট হয় যেমন নষ্ট দৃষ্টি কাক অর্দ্ধরাত্রে পেচক কর্তৃক নষ্ট হয়।

He who in his counsels is of many minds, is hateful to his ministers; and because of the unsteadiness of his mind, he is neglected by them in his necessary affairs.

Those who first study fate, and say,—Fate is the only cause of fortune and misfortune, terrify themselves.

He who is surrounded by famine and pestilence, of himself yieldeth, and he who hath a disorderly army, hath no power to fight.

As religion is always most powerful, so he who despiseth the Gods or a Brahmon, of himself goeth to nought; and so doth he who is smitten by fate.

One who is out of his own country is defeated by a very trifling enemy: the smallest alligator in his own element gripeth the largest elephant.

He who hath many enemies is like a pigeon amongst kites: whatever way he turneth, he is encountered by misfortune.

If he be one who marcheth his army out of season, he is destroyed by fighting against the weather. He will suffer like the crow, who, venturing out at midnight, had his eyes picked out by an owl.

সত্যধর্ম্মব্যপেতেন সংদধ্যান্ন কদাচন। সুসন্ধিতোপ্যসাধু ত্বাদচিরাদ্যাতি বিক্রিয়াং॥ অপরমপি কথয়ামি সন্ধি বিগ্রহযানাসনসংশ্রয়াৎ দ্বৈধীভাবাঃ ষড়্গুণং কর্ম্মণা মারম্ভোপায়ঃ পুরুষত্বে দ্রব্যসম্পদ্দেশকাল বিভাগোঽরি নিপাতঃ প্রতীকারঃকার্য্যং সিদ্ধিশ্চ পঞ্চাঙ্গোমন্ত্রঃসামদা নভেদদণ্ডাশ্চত্বারউপায়াঃউৎসাহশক্তিমন্ত্রশক্তিপ্রভুশ ক্তিশ্চ ইতি শক্তিত্রয়ং এতৎ সর্ব্বমালোচ্য নিত্যাবিজিগী ষবোভবন্তি মহান্তঃ। যা হি প্রাণপরিত্যাগমূল্যেনাপি ন লভ্যতে।সাশ্রীনীতিবিদাং পশ্য চঞ্চলাপি প্রধাবতি।

সত্য ধর্ম্মচ্যুত লোকের সহিত কদাচ মেল করিবে না কেন না সে লোক অসচ্চরিত্রতাহেতুক অল্প কালেতেই মেলন হই তে অন্যথা পায়। আরও কহি সন্ধি অর্থাৎ মেলন বিগ্রহ অ র্থাৎ পরদেশদাহলুণ্ঠনাদি যান অর্থাৎ বিপক্ষের প্রতি যাত্রা আসন অর্থাৎ বিগ্রহাদির নিবৃত্তি। সংশ্রয় অর্থাৎ দুই বলবা নের মধ্যস্থিতব্যক্তির এক ব্যক্তিকে বাক্যদ্বারা ধনদারাদির সমর্পণ। দ্বৈধীভাব অর্থাৎ একের সহিত মেলন অপরের সহিত কলহ এই ছয় গুণ কর্ম্মারম্ভের উপায় হয় আর পুরু ষার্থ সম্পত্তি দেশকালের বিবেচনা আর বৈরিমারণের প্রতি

কার আর কর্ম্ম সিদ্ধি এই পাঁচ প্রকার মন্ত্রণা হয় । সাম ও দান ও ভেদ ও দণ্ড এই চারি উপায় হয় উৎসাহশক্তি মন্ত্রণাশক্তি ও প্রভাবশক্তি এই তিন শক্তি হয় এই সকল আলোচনা করিয়া বড় লোকেরা সর্ব্বদা অবিজিগীষু হয় । জীবন দান রূপ মূল্যেতে যে সম্পত্তি লভ্য হয় না সে সম্পত্তি নীতিজ্ঞব্যক্তির নিকটে নিশ্চলা হইয়া আপনি ধাবন করে ।

One should, on no account, enter into any connexion with one who hath departed from the faith; for although he be bound by treaty, he will, because of his own unrighteousness, break his engagement.

In addition to all this, continued the minister, I shall remind your highness of the following particulars. *Uniting, disputing, marching, halting, surrendering, separating*, are denominated the *six modes*. For the commencement of an expedition the necessaries are, *men, stores, treasure*, place, and *time*; the possession of which is proper, as a protection against misfortune, as well as for the accomplishment of a design: they are called *the secret of five members*. *Pacifying, giving, dividing, punishing*, are distinguished by the appellation of *the four means*. *Resolution, authority, good counsel*, are denoted *the three powers*. Those sovereigns who attend to all these things, are always victorious; for, they say,

The success which is to be acquired by those who are acquainted with the rules of policy and prudence, is not to be gained by the price of abandoning life; for such knowledge causeth irresolution to fly from the body.

॥ तथा चोक्तं ॥ वित्तं यदा यस्य समं विभक्तं। गूढस्वरः संनिभृतस्य मन्त्रः। न चाप्रियं प्राणिषु यो ब्रवीति स सागरान्तां पृथिवीं प्रशास्ति॥ किन्तु यद्यपि महामन्त्रिणा गृध्रेण सन्धानमुपन्यस्तं तथापि भूतजयदर्पान्नावमन्तव्यं देव तदेवं क्रियतां सिंहलद्वीपस्य महाबलोनाम सारसोराजास्मन्मित्रं जम्बुद्वीपे पश्चात् कोपं जनयतु॥ यतः॥ सुगुप्तमाधाय सुसंहतेन बलेन वीरो विचरन्नरातिं। सन्तापयेद्येन समं सुतप्तस्तप्तेन सन्धानमुपैति तप्तः॥ राजा एवमस्तु इति निगद्य विचित्रनामबकः सुगुप्तलेखं दत्वा सिंहलद्वीपं प्रहितः अथ प्रणिधिरागत्य उवाच देव श्रूयतां तत्रत्य प्रस्तावः एवं तत्र गृध्रेणोक्तं।

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন যাহার অন্তঃকরণ সর্ব্বদা এক প্রকার আর গূঢ় দূত আর গুপ্ত মন্ত্রণা আর যে লোক মনুষ্যেরদিগকে নিষ্ঠুর বাক্য কহে না সে লোক সমুদ্র পর্য্যন্ত পৃথিবী শাসন করে। কিন্তু যদ্যপি তাহার মহামন্ত্রী গৃধ্র মেল করিবার প্রসঙ্গ করিয়াছে তথাপি জয় হইয়াছে এই অহঙ্কার প্রযুক্ত সে রাজা অবজ্ঞা করিবে না হে ভূপতে সেই হেতুক এই প্রকার করুন সিংহলদ্বীপের মহাবল নামে সারসরাজ আমারদের সখা জম্বুদ্বীপেতে গিয়া চিত্রবর্ণের পশ্চাদ্ভাগে ক্রোধ জন্মান্ যেহেতুক শূরলোক সুসঙ্গত

সৈন্যেরদ্বারা সাবধান হইয়া সুরক্ষিত শত্রুকে ব্যামোহ দি-
বেক যেহেতুক বাকুল ব্যক্তি অত্যন্ত ব্যাকুল হইয়া ব্যাকুলের
সহিত মিলন করে। রাজা বলিলেন এইরূপ হউক ইহা কহি
য়া বিচিত্র নামে বককে অত্যন্ত গুপ্ত লিপি দিয়া সিংহল
দ্বীপে পাঠাইলেন। অনন্তর চর আসিয়া বলিল হে ভূপাল
সে স্থানের প্রস্তাব শুনুন সেখানে গৃধ্র এই প্রকার বলিল।

He is always possessed of riches, whose followers are well attached, whose spies are concealed, and whose counsels are kept private; and he who doth not speak with unkindness to his fellow-creatures, may govern the whole world to the extremities of the ocean.

But please your highness, continued the minister, although peace has been proposed by that great statesman the vulture, still his master will not consent to it, because of his recent success. Then let this be done: the king of Singhala-dwipa, the Sarasa Mahabala, is our friend; let him raise a disturbance in Jambu-dwipa, the enemy's country.

A wise man having practised great secrecy, marching with a wellcomposed army, may alarm an opponent; and he who is alarmed will make peace with him with whom he hath been at variance.

The royal goose having consented to this proposal, one Vichitra a booby, was dispatched to Singhala dwipa with a very private letter,

In the mean time, the spy returning from the peacock's camp, said,—Please your highness, attend to what I have to inform you of, The vulture minister said to the peacock king,—

যদ্বৈবং মেঘবর্ণস্তত্রচিরমুষিতঃ সবেত্তি কিং সন্ধেয়গুণযুক্তো হিরণ্যগর্ভো নবেতি ততোঽসৌ রাজ্ঞা সমাহূয় পৃষ্টঃ বায়সকীদৃশোঽসৌ হিরণ্যগর্ভস্তক্রবাকো মন্ত্রী বা কীদৃশঃ। বায়সস্তুবাচ দেব হিরণ্যগর্ভো রাজা যুধিষ্ঠিরসমোমহাশয়ঃ চক্রবাকসমোমন্ত্রী ন ক্কাপ্যবলোক্যতে॥ রাজাহ যদ্যেবং তদা কথমসৌ ত্বয়া বঞ্চিতঃ। বিহস্য মেঘবর্ণঃ প্রাহ দেব॥ বিশ্বাসপ্রতিপন্নানাং বঞ্চনে কা বিদগ্ধতা। অঙ্কমারুহ্য সুপ্তং হি হত্বা কিন্নাম পৌরুষং॥ শৃণু দেব তেন মন্ত্রিণাহং প্রথমদর্শনএব জ্ঞাতঃ কিন্তু মহাশয়োঽসৌ রাজা তেন ময়া বিপ্রলব্ধঃ॥ তথা চোক্তং॥ আত্মৌপম্যেন যোবেত্তি দুর্জ্জনং সত্যবাদিনং। স তথা বঞ্চ্যতে ধূর্ত্তৈ র্ব্রাহ্মণশ্ছাগলোযথা॥ * * * *

যে হে নৃপতে মেঘবর্ণ সে স্থানে বহুকাল বসতি করিয়াছে সে জানে হিরণ্যগর্ভ সন্ধেয় গুণশালী বটে কি না। তদনন্তর রাজা আহ্বান করিয়া জিজ্ঞাসা করিলেন ও হে কাক ঐ হিরণ্যগর্ভ রাজা কিরূপ আর চক্রবাক মন্ত্রীই বা কীদৃশ। কাক বলিল হে মহারাজ রাজা হিরণ্যগর্ভ যুধিষ্ঠির তুল্য মহাশয় ও চক্রবাকের ন্যায় অমাত্য কুত্রাপি দৃষ্ট নয় রাজা কহিলেন যদ্যপি এতাদৃশ তবে কি প্রকারে ইনি বঞ্চিত হইলেন মেঘবর্ণ হাস্য করিয়া কহিল হে নৃপতে বিশ্বাস প্রাপ্ত লোকের বঞ্চনাতে পুরুষার্থ কি ক্রোড়েতে আরোহণ করিয়া থাকে

যে নিশ্চিত ব্যক্তি তাহাকে নষ্ট করিয়া কি পুরুষার্থ হে মহা রাজ শুনুন সে সচিব প্রথম দর্শনেতে জানিয়াছিল কিন্তু ঐ রাজা মহাশয় সেই হেতুক আমি বঞ্চনা করিয়াছি। প্রজ্ঞেরা তাহা কহিয়াছেন আত্মতুল্যেতে যে লোক খলকে সত্যবাদী করিয়া জানে সে জন সেই প্রকার বঞ্চিত হয় যেমন ছাগলের নিমিত্তে তিন জন ধূর্ত্তকর্ত্তৃক এক ব্রাহ্মণ বঞ্চিত হইল।

Although Cloud-colour the crow, was so long in the enemy's castle, what if he doth, or doth not know whether the royal goose, Hiranya-garbha, be possessed of those qualities which are necessary towards our treating with him? After this, continued the spy, the peacock king having called Cloud-colour before him, asked him what sort of a character that same royal goose, Hiranyagarbha, was, and what sort of minister he had.

To this the crow replied,—Please your highness, Hiranya-garbha is as noble as king Yudhi-shtira, and a person of great sincerity; and as to his minister, his likeness is no where to be discovered. If he be as thou hast described him, observed the king, how was it that he was deceived by thee?

The crow replied,

What great ingenuity is there in deceiving him whose confidence one hath gained? Is the term manhood his who mounteth upon the bed, and destroyeth those that are asleep?

Attend, please your highness,—I was discovered by the minister from the beginning; but the king his master, being himself one in whom the greatest confidence may be placed, was easily imposed upon by me; according to the following saying:

He who, judging by what passeth in his own breast, beliveth a knave to be a person of veracity, is deceived; as the Brahman was concerning his goat.

রাজোবাচ। কথমেতৎ। মেঘবর্ণঃ কথয়তি। অস্তি গৌতমস্যারণ্যে প্রস্তুতযজ্ঞঃ কশ্চিৎ ব্রাহ্মণঃ সচ যজ্ঞার্থং গ্রামান্তরাচ্ছাগমুপক্রীয় স্কন্ধে নীত্বা গচ্ছন্ ধূর্ত্তত্রয়েণাবলোকিতঃ। ততস্তে ধূর্ত্তাঃ যদ্যেষচ্ছাগঃ কেনাপ্যুপায়েন লভ্যতে তদা মতিপ্রকর্ষো ভবতি সমালোচ্য বৃক্ষত্রয়তলে ক্রোশান্তরেণ তস্য ব্রাহ্মণস্যাগমনং প্রতীক্ষ্য পথি স্থিতাস্তত্রৈকেন ধূর্ত্তেন গচ্ছন্ স ব্রাহ্মণোঽভিহিতঃ ভোব্রাহ্মণ কিমিতি কুক্কুরঃ স্কন্ধেন উহ্যতে। বিপ্রেণোক্তং নায়ং শ্বা কিন্তু যজ্ঞচ্ছাগঃ অথানন্তরস্থিতেনান্যেন ধূর্ত্তেন তথৈবোক্তং তদাকর্ণ্য ব্রাহ্মণশ্ছাগং ভূমৌ নিধায় মুহুর্নিরীক্ষ্য পুনঃ স্কন্ধে কৃত্বা দোলায়মানমতিস্খলিতঃ॥ যতঃ॥ * * *

রাজা কহিলেন এ কি প্রকার মেঘবর্ণ কহিতেছে। গৌতম মুনির কাননেতে এক আরব্ধ যজ্ঞ ব্রাহ্মণ থাকেন তিনি যজ্ঞের নিমিত্তে গ্রামান্তর হইতে ছাগল ক্রয় করিয়া স্কন্ধে লইয়া যাইতেছিলেন ইহা তিনজন ধূর্ত্তেতে দেখিল। তাহার পর সেই শঠেরা যদি এই ছাগল কোন উপায়ের দ্বারা লইতে পারি তবে বুদ্ধির ঔৎকর্ষ হয় ইহা পরামর্শ করিয়া তিনবৃক্ষের তলেতে এক ক্রোশ অন্তরেতে সেই দ্বিজের আগমন প্রতীক্ষা করিয়া পথের মধ্যে থাকিল। সেখানে যাইতেছিল যে ব্রাহ্মণ তাহাকে এক বঞ্চক কহিল

হে ব্রাহ্মণ কেন কুক্কুরকে স্কন্ধেতে করিয়া বহিতেছ ভূদেব কহিলেন এ কুক্কুর নয় কিন্তু যজ্ঞীয় ছাগ অনন্তর তাহার পর ছিল যে অপর শঠ সেও ঐ প্রকার কহিল। তাহা শুনিয়া দ্বিজ ছাগলকে ভূমিতে নামাইয়া ভূয়োভূয়ঃ অবলোকন করিয়া পুনর্ব্বার স্কন্ধে করিয়া চঞ্চলচিত্ত হইয়া চলিল।

Pray how was that? demanded the king; and the spy told the following story:

FABLE X.

IN the forest of the prophet Gowtama a certain Brahman, having determined to make an offering, went to a neighbouring village and purchased a goat, which having thrown across his shoulder, he turned towards home. As he was travelling along, he was perceived by three thieves. If, said they, we could by some artifice get the goat from that man, it would be a great proof of our address. Saying this, they agreed upon their stratagem, and executed it in this manner: they stationed themselves before the Brahman, and sat down under the trees in the road which led to his habitation, till he should come up to them. Soon after, he was accosted by one of them in this manner:—Is not that a dog? Brahman, what is the reason thou carriest it upon thy shoulder? The Brahman replied,—No, it is not a dog—it is a goat, which I have purchased to make an offering of. About a mile further on he met another of them, who repeating the same question, he took the goat from his shoulddr, and putting it upon the ground, examined it again and again; and at length, replacing it upon his shoulder, he went on, quite staggered as it were.

मतिर्दोलायते सत्यं सतामपि खलोक्तिभिः। त्रिभिर्विश्वासितस्त्वासौ म्रियते चित्रकर्णवत् ॥ राजाह कथमेतत्। स कथयति। अस्ति कस्मिंश्चिद्वनोद्देशे मदोत्कटो नाम सिंहस्तस्य सेवकास्त्रयः काकोव्याघ्रो जम्बुकश्च। अथ तैर्भ्रमद्भिः कश्चिदुष्ट्रोदृष्टः पृष्टश्च कुतो भवानागतः सार्थाद्भ्रष्टः। सचात्मवृत्तान्तमकथयत् ततस्तैर्नीत्वा सिंहायासौ समर्पितः तेनाभयवाचं दत्वा चित्रकर्ण इति नाम कृत्वा स्थापितः अथकदाचित् सिंहस्यशरीरवैकुल्यात् भूरिवृष्टिकारणाच्चाहारमलभमानास्ते व्यग्रावभूवुः ततस्तैरालोचितं चित्रकर्णमेव यथा स्वामी व्यापादयति तथानुष्ठीयतां किमनेन कण्टकभुजा। व्याघ्रउवाच स्वामिनाभयवाचं दत्वा ऽनुगृहीतस्तत् कथमेवं सम्भवति।

যেহেতুক শঠ বাক্যেতে সুবোধ লোকেরও বুদ্ধি চঞ্চলা হয় যেমন চিত্রকর্ণ তিন জনকর্তৃক প্রাপ্তবিশ্বাস হইয়া মরিল। রাজা কহিলেন ইহা কি রূপ। সে কহিতেছে। এক অরণ্যেতে মদোৎকট নামে সিংহ থাকে তাহার দাস তিন জন কাক ও ব্যাঘ্র শগাল অনন্তর তাহারা ভ্রমণ করিতে২ এক উষ্ট্রকে দেখিল আর জিজ্ঞাসিল তুমি কেন সাথি ত্যাগ করিয়া আইলা। সে নিজ বৃত্তান্ত কহিল তদনন্তর উহাকে লইয়া সিংহকে সমর্পণ করিল সে অভয় বাক্য দিয়া চিত্রকর্ণ এই নাম করিয়া তাহাকে রাখিল।

তাহার পর কোন দিন শরীরাপাটবপ্রযুক্ত আর অত্যন্ত বৃষ্টি প্রযুক্ত তাহারা সিংহের আহার না পাইয়া ব্যাকুল হইল। তাহার পর তাহারা আলোচনা করিল যে প্রকারে চিত্রকর্ণকেই রাজা মারেন তাহা কর এ কণ্টক ভোক্তাতে কি প্রয়োজন ব্যাঘ্র বলিল রাজা অভয় বচন দিয়া অনুগ্রহ করিয়াছেন সেই হেতুক কি মতে এমন সম্ভব হয়।

The minds even of good men are staggered by the arguments of the wicked; but those who place confidence in them may suffer by it; like the camel Chitra karna.

The king asked how that was; and the spy tells him the following story:

FABLE XI

IN a certain forest there was a lion whose name was Madotkata, and he had three attendants, a crow, a tiger, and a jackal. One day, as these three were roaming about, they met with a camel. They asked him whence he came, and wither he was travelling; and after he had given an account of himself, they introduced him to the lion; who, having given him assurances of protection, and determined that he should be called Chitra-karna, retained him in his service. Sometimes after, when the lion was out of order, his attendants were exceedingly at a loss for provisions, because for sometime it had rained violently. So the crow, the tiger, and the jackal, agreed amongst themselves to contrive some way for the lion to kill the camel; for, said they, what is that thorn-eater to us? Our master, observed the tiger, having given him assurances of safety, and taken him under his protection; then how can this be brought about?

কাকোঽনুতেদুঃসময়েপরিক্ষীণঃস্বামীপাপমপিকরিষ্যতি ॥ যতঃ॥ত্যজেৎ ক্ষুধার্ত্তামহিলাং স্বপুত্রং খাদেৎ ক্ষুধার্ত্তা ভুজগী স্বমণ্ডং। বুভুক্ষিতঃ কিং ন করোতি পাপং ক্ষীণা নরানিষ্করুণাভবন্তি ॥ অন্যচ্চ ॥ মত্তঃ প্রমত্তস্চোন্মত্তঃ শ্রান্তঃ ক্রুদ্ধোবুভুক্ষিতঃ। লুব্ধো ভীরুস্ত্বরাযুক্তঃ কামুকশ্চ ন ধর্ম্মবিৎ ॥ ইতি সঞ্চিন্ত্য সর্ব্বে সিংহান্তিকং জগ্মুঃ সিংহেনোক্তং আহারার্থং কিঞ্চিৎ প্রাপ্তং তৈরুক্তং যত্নাদপি ন প্রাপ্তং কিঞ্চিৎ। সিংহেনোক্তং কোঽধুনা জীবনোপায়ঃ কাকোবদতি দেব স্বাধীনাহারপরিত্যাগাৎ সর্ব্বনাশোঽয়মুপস্থিতঃ ॥ সিংহেনোক্তং অত্রাহারঃ কঃ স্বাধীনঃ। কাকঃ কর্ণে কথয়তি চিত্রকর্ণইতি॥ সিংহো ভূমিং স্পৃষ্ট্বা কর্ণৌ স্পৃশতি অভয়বাচং দত্ত্বা ধৃতোঽয়মস্মাভিঃ।

কাক বলিতেছে এ সময়েতে অনাহারেতে ক্লিষ্ট প্রভু পাপও করিবেন। যেহেতুক ক্ষুধাতুরলোক আপন স্ত্রী ও পুত্রকে ও ত্যাগ করে বুভুক্ষিত সর্পী নিজ অণ্ডকে ভক্ষণ করে ক্ষুধার্ত্ত ব্যক্তি কোন পাপ না করে কেননা আহারপ্রযুক্ত ক্লিষ্টলোক নির্দয় হয় অপর মদিরা পানাদিদ্বারা মত্ত ও অকৃতাবধান ও বাতুল ও ভ্রমযুক্ত ও রুষ্ট ও ক্ষুধাতুর ও লোভী ও ভীরু ও সত্বর ও কামাতুর ইহারা ধর্ম্মজ্ঞ নয় ইহা ভাবনা করিয়া সকলে সিংহের নিকটে গেল। সিংহ বলিল ভক্ষণের নিমিত্তে কিছু পাইয়াছ। তাহারা বলিল প্রয়াসেতে ও কিঞ্চিৎ পাই

নাই সিংহ কহিল সংপ্রতি আমারদের প্রাণধারণের উপায় কি কাক বলিতেছে নিজায়ত্ত ভোজন পরিত্যাগ প্রযুক্ত এ সর্ব্বনাশ উপস্থিত সিংহ কহিল। এখানে কোন আহার আপনার অধীন বায়স কর্ণেতে কহিতেছে চিত্রকর্ণ সিংহ হস্তদ্বয়ের দ্বারা ভূমিস্পর্শ করিয়া দুই কর্ণস্পর্শ করিতেছে এবং কহিতেছে আমরা ইহাকে অভয় বাক্য দিয়া রাখিয়াছি।

To which the crow replied,—At such a time as this, when our master's health is upon the decline for want of food, he will not scruple to commit a sin; for they say,

A man, when oppressed with hunger, will abandon his own wife and offspring: a female serpent, when distressed for food, will devour her own eggs What crimes will they not commit who are pinched with hunger! Men pining for food become destitute of pity and compassion.

Those who are intoxicated either with liquor or pleasure, the lazy, the passionate, the hungry, the covetous, the fearful, the hasty, and libertines, have no knowledge of justice.

This being proved to the satisfaction of all parties, away they went to the lion; who, the moment he saw them demanded if they had brought him any thing to eat. They replied, Sir, with all our endeavours, we have not been able to procure the smallest trifle. Then what means are there now left for my support? cried the lion. Sir, replied the crow, from your refusing the food which you have in your power, we are all like to perish What is there here for me to eat? eagerly demanded the lion The camel! replied the crow, whispering it in the lion's ear. The noble beast at this proposal, touching the ground, and then his two ears, in abhorrence, exclaimed.—Having, at our first interview given him assurances of my protection,

तत्कथमेवं सम्भवति। तथा च ॥ न भूप्रदानं न सुवर्ण्ण दानं न गोप्रदानं न तथान्नदानं। यथा वदन्तीह महा प्रदानं सर्व्वेषु दानेष्वभयप्रदानं॥ अन्यच्च ॥ सर्व्वकामसमृ द्धस्य अश्वमेधस्य यत् फलं। तत् फलं लभते सम्यक् रक्षिते शरणागते ॥ काकोक्तेनासौ स्वामिना व्यापाद यितव्यः किन्त्वस्माभिरेव तथा कर्त्तव्यं यथासौ स्वदेह दानमङ्गीकरोति। सिंहस्तत् श्रुत्वा तूष्णीं स्थितः ततो लब्धावकाशः कूटं कृत्वा सर्व्वानादाय सिंहान्तिकं गतः अथ काकेनोक्तं देव यत्नादप्याहारोन प्राप्तः अनेकोप वासखिन्नः स्वामी तदिदानीं मदीयमांसमुपभुज्यतां ॥ यतः ॥ प्रकृतिः स्वामिना त्यक्ता समृद्धापि न जीवति। अपि धन्वन्तरि र्वैद्यः किं करोति गतायुषः ॥ * *

তবে কি মতে এতাদৃশ সম্ভব হয় তাহা বিজ্ঞেরা কহিয়াছেন। সংসারেতে সকল দানের মধ্যে অভয়দানকে যেমন মহাদান করিয়া বলেন তেমন ভূমিদানকে বলেন না সুবর্ণ দানকে বলেন না গোদানকে বলেন না অন্নদানকে বলেন না। অপর সর্ব্বাভিলাষদায়ক অশ্বমেধ যজ্ঞের যে ফল সে সমস্ত ফল শরণাপন্ন ব্যক্তিকে রক্ষা করিলে পায়। কাক বলিতেছে প্রভু আপনি ইহাকে নষ্ট করিবেন না কিন্তু আমরা সেই প্রকার করিব যে প্রকারে আপনিই ও নিজ শরীর দান স্বীকার করে সিংহ তাহা শুনিয়া চুপ করিয়া থাকিল অনন্তর

অবকাশক্রমেতে কাক কপট করিয়া সকলকে লইয়া সিংহের সন্নিধিতে গেল তাহার পর কাক কহিল হে মহারাজ যত্নেতে ও খাদ্য দ্রব্য পাইলাম না বহুতর উপবাসেতে প্রভু কৃশ হইয়াছেন অতএব সম্প্রতি আমার মাংস ভোজন করুন স্বামিকর্ত্তৃক অমাত্য লোক পরিত্যক্ত হইয়া ঐশ্বর্য্যশালী হইলেও বাঁচে না কেন না ধন্বন্তরি বৈদ্য ও গতায়ুর কি করিতে পারে।

---

how can he now be treated thus? They say,

Nor the gift of cattle, nor the gift of land, nor the gift of bread, nor the gift of milk, is to be compared with that which men call the greatest of all gifts: the gift of assurance from injury!

Again:

He who hath defended one who had claimed his protection, receiveth the full reward which is the fruit of an Aswa-medha sacrifice, rendered more worthy by the addition of every thing which is estimable!

The crow replied—Under these circumstances, it is not proper that your highness should put him to death; but suppose we so contrive, that he shall consent to offer his own body? The lion hearing this, remained silent; but the crow, finding an opportunity, made a pretence to carry all his friends and the camel before him; when he addressed him in this manner;—Please your highness, as we can find nothing for you to eat, rather than my master shall fast, let him satisfy his hunger with all the flesh upon my poor body; for,

When nature is forsaken by her lord, be she ever so great, she doth not survive. Although Dhanwantri be the physician, when life is departed, what can he do?

॥ কিন্তু ॥ স্বামিমূলাভবন্ত্যেব সর্ব্বাঃ প্রকৃতয়ঃ খলু।
সমূলেষ্বপি বৃক্ষেষু প্রযত্নঃ সফলো নৃণাং ॥ সিংহেনোক্তং বরং
প্রাণপরিত্যাগেন পুনরীদৃশি কর্ম্মণি প্রবৃত্তিঃ। জম্বুকেন
নাপি তথোক্তং ॥ ততঃ সিংহেনোক্তং মৈবং। অথ ব্যাঘ্রেণোক্তং
মদ্দেহেন জীবতু স্বামী। সিংহেনোক্তং ন কদাচিদেবমুচিতং।
অথ চিত্রকর্ণোঽপি জাতবিশ্বাসস্তথৈবাত্মানমাহ ততস্ত
দ্বচনান্তেন ব্যাঘ্রেণাসৌ কুক্ষিং বিদার্য্য ব্যাপাদিতঃ সর্ব্বৈর্ভ
ক্ষিতঃ অতোঽহং ব্রবীমি মতির্দোলায়তে সত্যমিত্যাদি।
ততস্তৃতীয়ধূর্ত্তবচনং শ্রুত্বা স্বমতিভ্রমং নিশ্চিত্য ছাগং
ত্যক্ত্বা ব্রাহ্মণঃ স্নাত্বা গৃহং যযৌ স ছাগস্তৈর্ধূর্ত্তৈর্নীত্বা
ভক্ষিতঃ অতোহং ব্রবীমি আত্মৌপম্যেন যোবেত্তীত্যাদি ॥

অমাত্যপ্রভৃতি সমস্ত প্রকৃতিরদের মূল স্বামীই হয়।
সমূল বৃক্ষেতেই লোকের প্রয়াশ সফল হয় সিংহ কহিল
জীবন পরিত্যাগ ও ভাল তথাপি এতদ্রূপ কর্ম্মেতে প্রবৃত্তি
ভাল নয়। শৃগাল ও তাহা কহিল তদনন্তর সিংহ কহিল
এমন না তাহার পর ব্যাঘ্র কহিল আমার শরীরেতে প্রভু
বাচুন সিংহ বলিল কদাচ ইহা উপযুক্ত নয়। চিত্রকর্ণ ও
জাতপ্রত্যয় হইয়া সে প্রকার আপনাকে কহিলেন তাহার
কথাতে সেই ব্যাঘ্র কুক্ষিবিদারণ করিয়া উহাকে নষ্ট করি
য়া খাইল। এই নিমিত্ত আমি বলি খলবাক্যেতে উত্তম

কের ও বুদ্ধি চঞ্চলা হয়। তদনন্তর তৃতীয়ধূর্ত্তের বাক্য শুনিয়া আপন বুদ্ধিভ্রম নিশ্চয় করিয়া ছাগলকে ত্যাগ করিয়া ব্রাহ্মণ স্নান করিয়া ঘরে গেলেন। ধূর্ত্তেরা ঐ ছাগলকে লইয়া ভক্ষণ করিল। অতএব আমি বলি আত্মতুল্যতে যে লোক ইত্যাদি।

All honours and endowments have their foundations in the sovereign; but although trees have their roots, their being fruitful dependeth upon man's exertion.

The lion nobly replied.—It is better to abandon life entirely, than to proceed in such an act as this! The jackal next offered himself; but the lion generously refusing; the tiger said, Live, O master, by my body! This never can be proper! said the noble beast; and, last of all, the camel, in whom was created the fullest confidence, offered himself as the rest had done; and instantly the tiger tore open his sides; and being thus cruelly murdered, he was devoured by them all I say therefore,—*The minds even of good men* &c.

At length, said the spy, concluding the story of the three thieves, the Brahman having heard the third thief like the former two, insist upon it, that he had a dog upon his shoulder, was convinced that it was a dog; and so, leaving his goat behind him, which the thieves presently took away and made a feast of, the good man washed himself and went home. Whence, I say,—*He who, judging by what passeth in his own breast,* &c.

রাজাহ মেঘবর্ণঃ কথং শত্রুমধ্যে ত্বয়া চিরমুষিতং কথং বা তেষামনুনয়ঃ কৃতঃ। মেঘবর্ণ উবাচ দেব স্বামিকার্য্যার্থিনা স্বপ্রয়োজনবশাদ্বা কিং ন ক্রিয়তে ॥ পশ্য ॥ লোকো বহতি কিং রাজন্ শিরসা দগ্ধুমিন্ধনং। ক্ষালয়ন্নপি বৃক্ষাঙ্ঘ্রিং নদী বেলা নিকৃন্ততি ॥ তথা চোক্তং ॥ স্কন্ধেনাপি বহেৎ শত্রূন্ কার্য্যমাসাদ্য বুদ্ধিমান্। যথা বৃদ্ধেন সর্পেণ মণ্ডূকা বিনিপাতিতাঃ ॥ রাজাহ কথমেতৎ। মেঘবর্ণঃ কথয়তি অস্তি জীর্ণোদ্যানে মন্দবিষো নাম সর্পঃ সো।তিজীর্ণতয়া আহারমপ্যন্বেষ্টুমক্ষমঃ সরস্তীরে পতিত্বা স্থিতঃ ততো দূরাদেব কেনচিন্মণ্ডূকেন দৃষ্টঃ পৃষ্টশ্চ কিমিতি ত্বমাহারং নান্বিষ্যসি সর্পো।বদৎ গচ্ছ ভদ্র মম মন্দভাগ্যস্য প্রশ্নেন কিং ॥ * * *

রাজা বলিলেন মেঘবর্ণ তুমি কি প্রকারে বিপক্ষের মধ্যে চিরকাল বাস করিয়াছিলা কি প্রকারে বা তাহারদিগের বিনয় করিয়াছিলা। মেঘবর্ণ বলিল মহারাজ স্বামির কার্য্যের নিমিত্তে আর আপনার কার্য্যের নিমিত্তে লোক কি না করে দেখ। পোড়াইবার নিমিত্তে লোক মাথায় করিয়া কাষ্ঠকে বহন করে নদীজল বৃক্ষমূল ক্ষালন করত উৎপাটন করে তাহা পণ্ডিতেরা কহিয়াছেন সুবোধ লোক নিজ কার্য্যের নিমিত্তে শত্রুকে স্কন্ধদেশেতে করিয়া বহন করে। যেরূপ বৃদ্ধ সর্প মণ্ডুকেরদিগকে নষ্ট করিল রাজা কহিলেন এ কি প্রকার

মেঘবর্ণ কহিতেছে। জীর্ণোদ্যানেতে মন্দবিষ নামে এক সর্প থাকে সে অত্যন্ত বার্দ্ধক্যাবস্থাপ্রযুক্ত আহার অন্বেষণ করিতেও অসমর্থ পুষ্করিণীর তীরে পড়িয়া থাকে তাহার পর দূর হইতে কোন মণ্ডূক দেখিল এবং জিজ্ঞাসা করিল কেন তুমি ভোজনের তত্ত্ব কর না। ভুজঙ্গ কহিল ও হে মিত্র মন্দ ভাগ্যের আমার জিজ্ঞাসাতে কি প্রয়োজন।

Cloud-colour, said the peacock king to the crow, how couldst thou remain so long a time amongst the enemy? And how didst thou recommend thyself? Please your highness, replied the crow, what is there not done by servants who have their master's affairs at hearts, or from a power derived from one's own necessities?

Do not men, O king, bear burning wood upon their heads; and the force of rivers, simply by washing their roots, sweep trees away?

When a wise man findeth an occasion, he may bear away his enemy upon his shoulder, as it were, just like the old serpent who killed the frogs.

How did that happen? said the peacock king: and the crow related the following story:

FABLE XII.

THERE was an old serpent by name Manda visarpa, who, because of his great age, being unable to seek food for himself, thew himself down the bank of a pond, where he remained, till a certain frog seeing him at a distance, asked him what was the reason he did not hunt about for food? Leave me! cried the serpent, what occasion hast thou to enquire into the story of such an unfortunate wretch as I?

ততঃ সংজাতকৌতুকঃ স চ ভেকঃ সর্ব্বথা কথ্যতামিত্যাহ
সর্পোপ্যাহ ভদ্র ব্রহ্মপুরবাসিনঃ শ্রোত্রিয়স্য কৌণ্ডিন্যস্য
পুত্রো বিংশতিবর্ষীয়ঃ সর্ব্বগুণসম্পন্নঃ দুর্দ্দৈবান্মম নৃশংসস্ব
ভাবাদ্দষ্টঃ তং পুত্রং সুশীলনামানং মৃতমালোক্য মূর্চ্ছিতঃ
কৌণ্ডিন্যঃ পৃথিব্যাং লুলোঠ। অনন্তরং ব্রহ্মপুরবাসিনঃ
সর্ব্বে বান্ধবাস্তত্রাগত্য উপবিষ্টাঃ॥ তথা চোক্তং॥ উৎসবে
ব্যসনে যুদ্ধে দুর্ভিক্ষে রাষ্ট্রবিপ্লবে। রাজদ্বারে শ্মশানে চ
যস্তিষ্ঠতি স বান্ধবঃ॥ তত্র কপিলো নাম স্নাতকোঽবদৎ
অরে কৌণ্ডিন্য মূঢোসি তেনৈবং বিলপসি। শৃণু। ক্রোডী
করোতি প্রথমং যথা জাতমনিত্যতা। ধাত্রীব জননী
পশ্চাত্তথা শোকস্য কঃ ক্রমঃ॥ * * *

তদনন্তর সেই ভেক কুতূহলী হইয়া ইহা কহিল যে তুমি অব
শ্য কহ ভুজঙ্গ বলিল হেভদ্র ব্রহ্মপুরনিবাসিশ্রোত্রিয়কৌণ্ডিন্য
ব্রাহ্মণের বিংশতিবর্ষবয়স্ক অশেষ গুণালঙ্কৃত পুত্রকে দুর্দ্দৈব
প্রযুক্তখলস্বভাবহেতুক আমি দংশন করিয়াছি সেই সুশীল
নামে পুত্রকে মৃত দেখিয়া কৌণ্ডিন্য মূর্চ্ছিত হইয়া মৃত্তি
কাতে গড়াগড়ি দিতেছেন। তাহার পর ব্রহ্মপুরবাসি সমস্ত
বন্ধুলোকেরা সে স্থানে আসিয়া বলিল বিজ্ঞেরা তাহা কহি
য়াছেন উৎসবেতে ও বিপৎকালেতে ও সংগ্রামেতে ও দুর্ভি
ক্ষেতে ও দেশোপদ্রবেতে ও রাজস্থানেতে ও শ্মশানেতে যে

থাকে সেই মিত্র তাহাতে কপিলনামে স্নাতক বলিলেন অরে কৌণ্ডিন্য তুই মূর্খ এই নিমিত্তে রোদন করিতেছিস শুন মাতৃকর্তৃক ক্রোড়করণের পূর্ব্বে যেমন ধাত্রী কোলে করে এমনি জন্মিবামাত্র সকলের প্রথমত অনিত্যতা অঙ্কেকরে পশ্চাৎ জননী প্রভৃতিরা ক্রোড়ে করে ইহাতে শোকের বিষয় কি।

The frog, who was not a little pleased to find his enemy in distress, desired him, by all means, to make him acquainted with the cause of his trouble You must know then, said the serpent that here in the town of Brahmanpura, the son of one Kown-dinya a Brahman, in the twentieth year of his age, and endued with every virtue and accomplishment, by the will of fate, was sometime since bitten by cruel me! His father beholding his beloved son Susila, for that was his name, lying dead, fell mad for grief, and rolled himself upon the ground. In the mean time, the people of the city, his kindred, friends, and connexions, all came and sat down upon the spot where he lay —They say,

He is a friend who attendeth one at a feast, in affliction, in famine, in disputing with an enemy, at the king's gate, and in the cemetery.

Amongst the rest, there was a certain pilgrim, whose name was *Kapila*; by whom the father of the youth was thus addressed: art thou deprived of reason, Kowndinya, that thou thus lamentest the dead? Hear me!

First, the nurse lays the new born child in her lap (there is no stability) : and then the mother, What use is there in sorrow?

তথা ॥ ক্ক গতাঃ পৃথিবীপালাঃ সসৈন্যবলবাহনাঃ। বিয়োগসাক্ষিণী যেষাং ভূমিরদ্যাপি তিষ্ঠতি ॥ অপরঞ্চ ॥ কায়ঃ সন্নিহিতাপায়ঃ সম্পদঃ পদমাপদাং। সমাগমাঃ সাপগমাঃ সর্ব্বমুৎপাদিভঙ্গুরং॥ প্রতিক্ষণময়ংকায়ঃক্ষীয়মাণোন লক্ষ্যতে।আমকুম্ভইবাম্ভস্থো বিশীর্ণঃ সন্ বিভাব্যতে॥আসন্নতরতামেতি মৃত্যুর্জ্জন্তোর্দিনে দিনে।আঘাতং নীয়মানস্য বধ্যস্যেব পদে পদে ॥ অনিত্যং যৌবনং রূপং জীবিতং দ্রব্যসঞ্চয়ঃ। ঐশ্বর্য্যং প্রিয়সম্বাসোমুহ্যেত্তত্র ন পণ্ডিতঃ ॥ যথা কাষ্ঠঞ্চ কাষ্ঠঞ্চ সমে যাতাং মহোদধৌ। সমেত্য চ ব্যপেয়াতাং তদ্বদ্ভূতসমাগমঃ ॥ যথা হি পথিকঃ কশ্চিচ্ছায়ামাশ্রিত্য তিষ্ঠতি।বিশ্রম্য চ পুনর্গচ্ছেত্তদ্বদ্ভূতসমাগমঃ ॥ অন্যচ্চ॥পঞ্চভির্নির্ম্মিতে দেহে পঞ্চত্বঞ্চ পুনর্গতে। স্বাং স্বাং যোনিমনুপ্রাপ্তে তত্র কা পরিবেদনা॥

এবং সৈন্যসামন্ত বাহন সহিত পৃথিবী পতিরা কোথায় গিয়াছেন যাহারদিগের বিচ্ছেদ সাক্ষিণী পৃথিবী অদ্যাপি আছেন। অপর শরীর গ্রহণ করিলে অবশ্যনষ্ট হয় আর সম্পত্তিই বিপত্তির স্থান আর ধনাদির উপার্জনই ব্যয় এই শরীর অনুক্ষণ ক্ষীণ হইতেছে ইহা বুঝা যায় না কিন্তু জলমধ্যস্থ আমকলসের ন্যায় বিশীর্ণ হইয়া নষ্ট হয় নীয়মান হন্তব্য পশুর পদে২ ছেদন যেমন নিকট হয় এইরূপ যম দিনে২ প্রাণির

নৈকট্য পাইতেছেন। যৌবন রূপ জীবন ধনসঞ্চয় ঐশ্বর্য্য মিত্রের সহিত আলাপ এসকলই অস্থির এই হেতুক জ্ঞানবান লোক তাহাতে মুগ্ধ হয় না। সমুদ্রেতে নানা দেশস্থ দুই কাষ্ঠেতে যেমন মিলন হয় মিলিয়া অন্যং দেশে যায় সেই প্রকার প্রাণিরদের সমাগম অপর পঞ্চভূত করণক নির্ম্মিত যে কলেবর সে পুনর্ব্বার পাইলে পরে আপনং কারণেতে লীন হয় তাহাতে শোক কি।

Where are those sovereigns of the world, with all their numerous armies and splendid equipage, of whose departure the earth, even now, beareth testimony?

In the body is concealed its decay, prosperity is succeeded by adversity, and our meetings are soon followed by separations. Thus every thing in nature is produced with that which will destroy it!

Is not this body seen to waste, perceptibly, away? Is not its gradual consumption plainly to be discovered, as of water standing in a crude vessel?

Youth and beauty, riches and stores of worldly goods; with the society of those we love, and even life itself, are all of short duration! Then not the wise man therein be fascinated.

As two planks floating on the surface of the mighty receptacle of the waters, meet, and having met, are separated for ever; so do beings in this life come together, and presently are parted.

Upon the reduction of a body composed of five elements to those five principles, and each of those elements to its own womb, what cause is there for lamentation?

यावतः कुरुते जन्तुः सम्बन्धान् मनसः प्रियान्। तावन्तोऽपि लिखन्यन्ते हृदये शोकशङ्कवः ॥ नायमत्यन्तसम्वासो लभ्यते येन केनचित्। अपि स्वेन शरीरेण किमुतान्येन केनचित् ॥ अपि च ॥ संयोगोहि वियोगस्य संसूचयति सम्भवं। अनतिक्रमणीयस्य जन्ममृत्योरिवागमं ॥ आपातरमणीयानां संयोगानां प्रियैः सह। अपथ्यानामिवान्नानां परिणामोऽतिदारुणः ॥ अपरञ्च ॥ व्रजन्ति न निवर्त्तन्ते स्रोतांसि सरितां यथा। आयुरादाय मर्त्यानां तथा रात्र्यहनी सदा ॥ सुखास्वादपरो यस्तु संसारे सत्समागमः। सवियोगावसानत्वात् दुःखानां धुरि युज्यते ॥ अतएव हि नेच्छन्ति साधवः सत्समागमं। यद्वियोगासिलूनस्य मनसोनास्ति भेषजं ॥ * * * *

লোক পুত্রত্বাদি যত সম্বন্ধকে মনের প্রিয় করে সেই সকল সম্বন্ধকে পুত্রাদির নাশ হইলে শোকরূপ শঙ্কু করিয়া পুতিয়া রাখে। এতাদৃশ অত্যন্ত প্রণয় যে কোন লোকেরসহিত কর্ত্তব্য নয় নিজ দেহের সহিত ও কর্ত্তব্য নহে অন্যের সঙ্গে কি এবং অপরিহার্য্য জন্ম মৃত্যুর সমাগম যেমন অবশ্য হয় এই রূপ পুত্র মিত্রাদির মিলন তাহারদিগের বিচ্ছেদ অবশ্য করে। প্রিয়ের সহিত আপাততঃ সুখাবহ যে মেল তাহার শেষ কঠিন হয় যেমন কুপথ্য অন্নের পরিনাম দারুণ অপর নদী সকলের শ্রোত যে প্রকার বহিয়া যায় পুনশ্চ ফিরিয়া

আইসে না সেই প্রকার রাত্রি ও দিন মনুষ্যের দিগের পর মায়ু লইয়া যায় পুনর্ব্বার আইসে না পৃথিবীতে সুখদায়ক যে উত্তম লোকের সহিত মিলন সে পশ্চাৎ বিচ্ছেদ হেতুক দুঃখসমূহ দায়ক হয় এই নিমিত্তে উত্তম লোকেরা সাধু লোকের সমাগম বাঞ্ছা করেনা যেহেতুক যাহার বিচ্ছেদ রূপ খড়্গেতে ছিন্ন যে চিত্ত তাহার ঔষধ নাই।

